

স্মারক নং- ৬২১-স.স.

তারিখঃ ১৯/০৭/১৯


দপ্তরাদেশ

বিষয়ঃ সওজ প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশনা প্রদান প্রসঙ্গে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প ২০২১ এবং সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে একটি টেকসই, প্রযুক্তিবান্ধব ও যুগোপযোগী সড়ক নেটওয়ার্ক গড়ে তুলতে মেধাবী, উদ্যমী ও আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষিত প্রকৌশলীগণকে অগ্রগামী ভূমিকা পালন করতে হবে। সকল স্তরের সরকারি কর্মকর্তাগণ যাতে আধুনিক জনপ্রশাসন, ব্যবস্থাপনা ও প্রযুক্তিতে শিক্ষিত হয়ে উঠতে পারেন, সেজন্য বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় ‘জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা’ প্রণয়ন করেছে, যাতে প্রত্যেক প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তার জন্য বাৎসরিক ন্যূনতম ৬০ (ষাট) ঘণ্টা প্রশিক্ষণ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে (ধারা ২(১১), জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা)। উক্ত বিষয়সমূহ বিবেচনায় রেখে সওজ প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য তার অধীনস্থ কর্মকর্তাগণকে নিম্নরূপ নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

- ১। প্রত্যেক কর্মকর্তাকে বছরে ন্যূনতম ৬০ ঘণ্টা (১০ দিন) প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ২। বিভাগীয় কারিগরি বিষয়সমূহের সাথে অর্থনৈতিক ব্যবস্থাপনা, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক এবং স্ট্র্যাটেজিক ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ৩। সরকার নির্ধারিত প্রশিক্ষণ সমূহ যেমন শুদ্ধাচার, তথ্য অধিকার আইন, সরকারি কর্মচারি আইন, জেনারেল ফাইন্যান্সিয়াল রুলস, এপিএ ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ সমূহে মনোনীত হলে বাধ্যতামূলকভাবে উপস্থিত থাকতে হবে।
- ৪। ভিআইপি ডিজিট, মনিটরিং টিমের পরিদর্শন, ঈদ ট্রাফিক ব্যবস্থাপনা, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি জরুরি কারণ ব্যতীত প্রশিক্ষণে মনোনীত হতে অস্বীকৃতি প্রদান করা যাবে না এবং মনোনীত হবার পর অবশ্যই প্রশিক্ষণে উপস্থিত হতে হবে।
- ৫। প্রশিক্ষণে মনোনীত হবার পর অনিবার্য কারণবশত উপস্থিত হতে না পারলে অন্তত ০৩ (তিন) দিন পূর্বে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ প্রশিক্ষণ কেন্দ্রে লিখিত/মৌখিক ভাবে অবহিত করতে হবে।
- ৬। প্রশিক্ষণে মনোনীত হবার পর বিনা অনুমতিতে/পূর্ব অবহিতকরণ ব্যতীত উপস্থিত থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাকে নির্দেশনা ৪- এ বর্ণিত কারণসমূহ ব্যতীত কোনভাবেই তার উর্ধ্বতন কর্মকর্তা প্রশিক্ষণে উপস্থিত হতে অনুমতি প্রদানে অস্বীকৃতি জানাতে পারবে না।

Web Adm
১৯/০৭/১৯


(ইবনে আলম হাসান)
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা/ টেকনিক্যাল সার্ভিসেস উইং, ঢাকা/ ব্রীজ ম্যানেজমেন্ট উইং, ঢাকা/ পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, ঢাকা/ যান্ত্রিক উইং, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা/ ময়মনসিংহ জোন, ময়মনসিংহ/ কুমিল্লা জোন, কুমিল্লা/ রাজশাহী জোন, রাজশাহী/ বরিশাল জোন, বরিশাল/ খুলনা জোন, খুলনা/ চট্টগ্রাম জোন, চট্টগ্রাম/ রংপুর জোন, রংপুর/ সিলেট জোন, সিলেট/ গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ।

- ৩। প্রকল্প পরিচালক (অঃপ্রঃ, সওজ), ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রিজ ইমপ্লিমেন্ট প্রজেক্ট, সেতু ভবন, বনানী, ঢাকা/ টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর সাবরিজিওনাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপারেটরি ফ্যাসিলিটি-II, ১৩২/৪, নিউ বেইলী রোড, ঢাকা/ ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ১৩২/৪, নিউ বেইলী রোড, ঢাকা/ গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট), বাড়ী নং-৪ (৩য় তলা), রোড নং-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা/ কাঁচপুর, মেঘনা ও গোমতী ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প, ঢাকা / সাসেক সড়ক সংযোগ প্রকল্প: জয়বেদপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক (এন-৪) ৪-লেন মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, বাড়ী নং-১২৭, সড়ক নং-২, ব্লক-এ, নিকেতন, গুলশান-১, ঢাকা/ টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর ডিটেইলড স্টাডি এন্ড ডিজাইন অব ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে অন পিপিপি বেসিস প্রকল্প, ১৩২/৪, নিউ বেইলী রোড, ঢাকা/ ক্রস বর্ডার নেটওয়ার্ক ইমপ্লিমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/ সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II, এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চারলেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প/ মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), সেতু ভবন, বনানী, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক (অঃপ্রঃ, সওজ), ৩য় কর্ণফুলী সেতু নির্মাণ প্রকল্প, চট্টগ্রাম/ লেবুখালী সেতু নির্মাণ প্রকল্প, পটুয়াখালী/ ঢাকা-সিলেট মহাসড়ক ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প, ঢাকা/ “ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক নির্মাণ” শীর্ষক প্রকল্প, কিশোরগঞ্জ/
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সওজ প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।